

🔳 আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّقِّر

আয়াতঃ ৭৪:৩৭

আরবি মূল আয়াত:

لِمَن شَاءَ مِنكُم أَن يَّتَقَدُّمَ أَو يَتَاخَّرَ ﴿ ٣٧٣﴾

🗚 অনুবাদসমূহ:

তোমাদের মধ্যে যে চায় অগ্রসর হতে অথবা পিছিয়ে থাকতে, তার জন্য। — আল-বায়ান তোমাদের মধ্যে যে (কল্যাণের পথে) এগিয়ে যেতে চায় অথবা পেছনে পড়ে থাকতে চায় তার জন্য — তাইসিরুল তোমাদের মধ্যে যে অগ্রসর হতে চায় কিংবা যে পিছিয়ে পড়ে, তার জন্য। — মুজিবুর রহমান

To whoever wills among you to proceed or stay behind. — Sahih International

৩৭. তোমাদের মধ্যে যে অগ্রসর হতে চায় কিংবা যে পিছিয়ে পড়তে চায় তার জন্য।(১)

(১) এখানে অগ্রে যাওয়ার অর্থ ঈমান ও আনুগত্যের দিকে অগ্রণী হওয়া। আর পশ্চাতে থাকার অর্থ ঈমান ও আনুগত্য থেকে পশ্চাতে থাকা। উদ্দেশ্য এই যে, জাহান্নামের শাস্তি থেকে সতর্ক করা সব মানুষের জন্যে ব্যাপক। অতঃপর এই সতর্কবাণী শুনে কেউ ঈমান ও আনুগত্যের প্রতি অগ্রণী হয় এবং কোন কোন হতভাগা এরপরও পশ্চাতে থেকে যায়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৩৭) তোমাদের মধ্যে যে অগ্রসর হতে কিংবা পিছিয়ে পড়তে চায়, তার জন্য। [1]

[1] অর্থাৎ, ঈমান ও আনুগত্যের কাজে এগিয়ে যেতে চায় অথবা পিছু হটতে চায়। অর্থাৎ, ভীতিপ্রদর্শক ও সতর্ককারী সবার জন্য। যে ঈমান আনে তার জন্যও এবং যে কুফরী করে তার জন্যও।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5532

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন